যায়যায়দিন

18 MAR 2013
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৪

# চবির মূল ফটকে তালা ঝুলিয়ে ছাত্রলীগের বিক্ষোভ

চট্টগ্রাম অফিস

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংলগ্ন গ্রামে ছাত্রলীগের নেতাকর্মীদের ওপর হামলার প্রতিবাদে মূল ফটকে রোববার সন্ধ্যায় তালা ঝুলিয়ে দিয়েছেন সংগঠনটির নেতাকর্মীরা। তবে প্রশাসনের আশ্বাসের পরিপ্রেক্ষিতে রাত ৮টার দিকে তালা খুলে দেয় তারা। এর আগে শনিবার রাতে বিক্ষুব্ধ ছাত্রলীগকর্মীরা বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্রেও ভাংচুর করেন।

শনিবার রাত ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী মদনহাট গ্রামের কিছু লোক ছাত্রলীগের নেতাকর্মীদের ওপর হামলা চালায় বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় ছাত্রলীগের তিন নেতাকর্মী আহত হয়েছেন।

হামলার ঘটনায় আহতরা হলেন ইতিহাস দ্বিতীয় বর্ষের ছাত্র রুবেল, রাজনীতিবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের নেসারুল করিম এবং মার্কেটিং বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র নজরুল ইসলাম।

হামলার ঘটনায় উভয়পক্ষ হাটহাজারী থানায় মামলা করেছে বলে জানিয়েছেন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কেএম নিয়াকত আলী। তিনি জানান, বিক্ষুব্ধ ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের ১ নম্বর সড়ক অবরোধ করে রেখেছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, শনিবার দুপুরে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক নেতা শফিউল আযমের ছেলে সাদাবকে মারধর করেন চবি কলেজের কয়েকজন ছাত্রলীগকর্মী। এ ঘটনায় ছেলের পরিবার ৮ ছাত্রলীগকর্মীর নাম উল্লেখ করে মামলা করে। এদিকে, ওইদিন রাতে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সুমন মামুন সাদাবের পরিবারে হাজির হয়ে মারধরের ঘটনার জন্য ক্ষমা চান। সেখান থেকে ফেরার পথে তাদের ওপর হামলা চালায় স্থানীয় কয়েকজন গ্রামবাসী। এতে তিনজন আহত হয়।

ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম সাধারণ সম্পাদক সুমন মামুন জানান, ছাত্রদের ওপর হামলার ঘটনায় কাউকে আটক না করায় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের মূল ফটকে তালা ঝুলিয়ে দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সিরাজ-উদ-দৌলা জানান, কিছু ছাত্র বিশ্ববিদ্যালয়ের ফটক অবরোধ করে রেখেছিল। আলোচনার মাধ্যমে বিষয়টি সমাধান করা হয়েছে।